


উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত স্থায়ী কমিটির সভাঃ

সভার স্থানঃ উপজেলা পরিষদ হলরুম, সরিষাবাড়ী, জামালপুর।

সভার তারিখঃ ১১/০৮/২০২২ ইং সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতির তালিকাঃ

- ১। জনাব জেলী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী
- ২। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, সরিষাবাড়ী-
- ৩। চেয়ারম্যান, সাতপোয়া ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী-
- ৪। চেয়ারম্যান, আওনা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী-
- ৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরিষাবাড়ী-



অদ্য ১১/০৮/২০২২ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় জনাব মোঃ আবুল কালাম আজাদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী মহোদয়ের সভাপতিত্বে সভার কার্যক্রম আরম্ভ হয়। সভাপতি মহোদয়ের স্বাগত ভাষণের পর আলোচ্য বিষয় সমূহের বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সংশ্লিষ্ট বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। কোরবানীর হাটঃ উপজেলা প্রশাসন সহ সংশ্লিষ্ট সকলকে সদস্য সচিব মহোদয় কোরবানীর হাট পশু বিক্রির সুন্দর ব্যবস্থাপনার জন্য ধন্যবাদ জানান এবং প্রাণিসম্পদ বিভাগীয় গৃহীত ব্যবস্থা সম্পর্কে সকলকে অবহিত করেন।
- ২। উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জুলাই/২২ ইং মাসে ০৭ (সাত) দিন ব্যাপী মৎস্য সপ্তাহ উদযাপন করা হয়েছে। তিনি আরো জানান যে, ২৫ টি নিষিদ্ধ চায়না জাল যমুনা নদী থেকে আটক করা হয় এবং তা পুড়িয়ে ধ্বংস করা হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সভাপতি  
জেলী আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
সরিষাবাড়ী, জামালপুর।